

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
বিএসএল অফিস কমপ্লেক্স
ভবন-২ (লেভেল- ৪, ৫, ৬)
১১৯ কাজী নজরুল ইসলাম সড়ক, ঢাকা-১০০০।

তারিখ : ১২ ডিসেম্বর, ২০২৩ খ্রি.

প্রেস বিজ্ঞপ্তি

অদ্য ১৩/১২/২০২৩ খ্রিস্টাব্দ তারিখ রোজ বুধবার বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট জনাব উস্মে সালিক রুমাইয়া এর নেতৃত্বে "সিগনেচার বাই খাজানা লি:" আর এম সেন্টার ১০১ গুলশান এভিনিউ, ঢাকাতে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়।

অভিধানকালে প্রতিষ্ঠানটি তাদের কর্মচারীদের স্বাস্থ্য সনদ, প্রিমিসেস লাইসেন্স এবং ফায়ার লাইসেন্স প্রদর্শনে ব্যর্থ হয়। প্রতিষ্ঠানটির ফ্রিজে অল্প কিছু লেবেল বিহীন খাদ্য মজুদ করতে দেখা যায়। তাই প্রতিষ্ঠানটিকে সংশোধনের জন্য ১৫ দিনের সময় দিয়ে মুচলেকা নেওয়া হয়।

অভিধানটি যথাক্রমে আর এম সেন্টারে অবস্থিত "আগোরা লিমিটেড" এ পরিচালনা করা হয়। অভিধানকালে প্রতিষ্ঠানটির কিচেন অত্যন্ত নোংরা এবং অপরিচ্ছন্ন পরিবেশ অবস্থায় এবং ফ্রীজে তেলপোকার উপস্থিতি দেখতে পাওয়া যায়। প্রতিষ্ঠানটি তাদের কোন প্রকার পেস্ট কন্ট্রোল এর প্রমানক প্রদর্শনে ব্যর্থ হয় এবং লেবেল বিহীন বেশ কিছু খাদ্য মজুদ করতে দেখা যায়। এ সকল অপরাধে নিরাপদ খাদ্য আইন ২০১৩ এর বিধান অনুযায়ী প্রতিষ্ঠানটিকে ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা জরিমানা করা হয় এবং তাৎক্ষণিকভাবে তা আদায় করা হয়।

অভিধান পরিচালনাকালে " সিগনেচার বাই খাজানা লি: এবং আগোরা" কর্তৃপক্ষকে খাদ্যদ্রব্য উৎপাদন, সংরক্ষণ, প্রক্রিয়াকরণ, মজুদ ও বিক্রয়ে নিরাপদ খাদ্য আইনের সংশ্লিষ্ট বিধি অনুযায়ী পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রাখা, খাদ্য সংরক্ষণ ও ভোক্তাদের স্বাস্থ্য ঝুঁকি এড়াতে নিয়ম মানতে নির্দেশনা দেয়া হয় এবং নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে করণীয় সম্পর্কে দিকনির্দেশনা সংবলিত পোস্টার প্রদান করা হয়।

অভিধানকালে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের নিরাপদ খাদ্য পরিদর্শক জনাব আব্দুস সালাম মূধা ও বাংলাদেশ নিরাপদ খাদ্যের অন্যান্য সাপোর্ট স্টাফ এবং ব্যাটালিয়ন আনসার সদস্যবৃন্দের একটি চৌকস টিম উপস্থিত ছিলেন।



(মোঃ আখতার মামুন)
পরিচালক (উপসচিব)

খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ

ই-মেইল: director.enforcement@bfsa.gov.bd

ফোনঃ ০২-২২২২২২৩৬০১

বিতরণঃ

- ১। সদস্য (আইন ও নীতি), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ২। সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৩। পরিচালক, খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৪। পিএস টু চেয়ারম্যান, (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৫। সহকারী পরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। অফিস কপি।